দৈনিক সংবাদ

তারিখ ... FEB. 1.5 2000... ...
পৃষ্ঠা ... কলাম ...

49

### সড়ক অবরোধ ঃ যানবাহন ভাঙচুর

# চট্টগ্রামে ছাত্রলীগ ক্যাডার পুলককে গুলি করে হত্যা

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ গতকাল সোমবার সকালে চট্টগ্রামের গুলকবহর এলাকার একটি বহুতলা ভবনের ৫ম তলায় অস্ত্রধারী সন্ত্রাসীরা হানা দিয়ে খুন, চাঁদাবাজি ও ছিনতাইসহ দুর্ধর্ষ অপরাধের ৮ মামলার আসামি এবং ছাত্রলীগ ক্যাডার পুলক বিশ্বাসকে (২৫) গুলি করে হত্যা করেছে। চাঁদার ভাগবাটোয়ারা নিয়ে বিরোধের জের ধরে নিজ দলের (এমইএস কলেজ শাখা) প্রতিদ্বন্দ্বী গ্রুপ এ হত্যাকাণ্ডের নেতৃত্ব দিয়েছে বলে চট্টগ্রাম মহানগর পুলিশ (সিএমপি) দাবি করেছে। এ হত্যাকাণ্ডের পর ছাত্রলীগের জঙ্গি কর্মীরা নাসিরাবাদ, ষোলশহর, মুরাদপুর, বহদ্দারহাট, ও চকবাজারসহ নগরীর বিভিন্ন এলাকা ৬ ঘণ্টা অবরোধ করে রাখে। ক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা

সড়ক ঃ পৃঃ ২ কঃ ৩

## সড়ক ঃ অবরোধ

( ১ম পৃষ্ঠার পর )

এসব এলাকার বিভিন্ন সড়কে শতাধিক যানবাহন ভাঙচুর করে। হামলার আশংকায় অভিজাত বিপণি কেন্দ্র মিনি সুপার মার্কেটের দোকানপাট সন্ধ্যা পর্যন্ত বন্ধ ছিল। ছাত্রলীগ দাবি করেছে, ছাত্র শিবির ক্যাডাররাই এ হত্যাকাণ্ডটি ঘটিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রসহ পারিবারিক সূত্রে জানা যায়, পাঁচলাইশ থানাধীন গুলকবহরস্থ আলনূর কিন্ডারগার্টেন সংলগ্ন তফাজ্জল ভিলার ৫ম তলার ৫০১ নং ফ্ল্যাটে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। মহানগর ছাত্রলীগের একাংশের নিয়ন্ত্রণাধীন ওমর গনি এমইএস কলেজ থেকে পুলক বিশ্বাস গত বছর বিএ পাস করে বলে পারিবারিক সূত্র জানায়। চন্দনাইশ থানার বৈলতলি গ্রামের বেরতিরঞ্জন বিশ্বাসের ৫ ছেলে, ২ মেয়ের মধ্যে পুলক ষষ্ঠ সন্তান। গতকাল সকালে গুলিবিদ্ধ হওয়ার পর পুলক বিশ্বাসকে তার পরিবারের সদস্যরা নগরীর ওআর নিজাম রোডস্থ মেডিক্যাল সেন্টার ক্লিনিকে নিয়ে আসে। চিকিৎসকরা জানান, গুলিবিদ্ধ হওয়ার পর অতিরিক্ত রক্তক্ষরণের ফলে তার মৃত্যু ঘটে।